

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৫২৩
আগরতলা, ১০ মার্চ, ২০২৬

এন.ই.সি. উত্তর পূর্বের রাজ্যগুলিকে
৬৭,৪১,০৯,৫৮৭ টাকা দিয়েছে

ত্রিপুরাতে নর্থ ইন্সটান কাউন্সিলের অর্থে বাস্তবায়িত প্রকল্পগুলির কাজ খতিয়ে দেখতে এন.ই.সি.-র সদস্যরা ২০২৬-এর ফেব্রুয়ারি মাসে ত্রিপুরা সফরে আসেন। তারা আগরতলাতে ন্যাশনাল প্রজেক্টস কনস্ট্রাকশন লিমিটেড (NPCC)-এর আধিকারিকদের সাথেও এক পর্যালোচনা বৈঠকে মিলিত হন। বৈঠকে চলতি বিভিন্ন প্রকল্পের কাজ নিয়ে আলোচনা হয় এবং প্রকল্প বাস্তবায়নকারী বিভিন্ন অংশীদারদের মধ্যে সমন্বয়, গুণগতমান বজায় রাখা ও সময়মতো কাজ শেষ করার উপর গুরুত্ব দেওয়া হয়। এন.ই.সি. সদস্যগণ শিক্ষা, পর্যটন ও কৃষি ক্ষেত্রের বিভিন্ন প্রকল্পের কাজ খতিয়ে দেখেন এবং ত্রিপুরা সরকারের আধিকারিকদের সাথে এ ব্যাপারে কথা বলেন।

ফেব্রুয়ারি মাসে সমস্ত উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির বিভিন্ন প্রকল্পের জন্য এন.ই.সি. মোট ৬৭,৪১,০৯,৫৮৭ টাকা দিয়েছে। তারমধ্যে ত্রিপুরার জন্য অর্থ প্রদান করা হয় মূলত: মৎস্যচাষভিত্তিক জীবিকার জন্য এবং বিজ্ঞান শিক্ষার জন্য। এই ক্ষেত্রে উল্লেখযোগ্য হচ্ছে, মাছের উৎপাদনশীলতা বৃদ্ধি ও ভ্যালু চেইন উন্নয়নের মাধ্যমে জীবিকার্জনের সুযোগ সৃষ্টির উদ্যোগ।

তাছাড়া, বিজ্ঞান শিক্ষা, উদ্ভাবন ও জনগণের মধ্যে বিশেষ করে ছাত্রছাত্রী ও কমবয়সী ছেলেমেয়েদের মধ্যে বিজ্ঞান সম্পর্কে সচেতনতা ও বৈজ্ঞানিক পদ্ধতি ব্যবহারের উৎসাহ বাড়াতে ত্রিপুরার বিজ্ঞান গ্রামে একটি সায়েন্স পার্ক গড়ে তোলার জন্য অর্থ প্রদান করা হয়েছে। এসব প্রকল্প ছাড়াও জ্ঞান বিনিময়, সংস্কৃতি সংরক্ষণ, পর্যটনের বিকাশ ইত্যাদি ক্ষেত্রে কাজকর্ম উৎসাহিত করতে এন.ই.সি. প্রকল্প বহির্ভূত খাতে অর্থ প্রদান করেছে। এন.ই.সি. সচিবালয় থেকে এক প্রেস নোটির মাধ্যমে এ সংবাদ জানানো হয়েছে।
